নউি ইয়র্ক স্টটেরে

(New York State, NYS)

গ্র্যাজুয়টেডে ড্রাইভার লাইসন্সেংি আইনরে (GDL)

একটি সংক্ষপ্তি ওভারভউি



বাবা-মার জন্য একটি নর্িদশেনা

নউি ইয়র্ক সটিি (New York City, NYC)
এবং লং আইল্যান্ড (Long Island)
ছাড়া নউি ইয়র্ক স্টটেরে
সকল কাউন্টি

নোট: এই নির্দেশনায় GDL সম্পর্কে একটি সংক্ষিপ্ত ওভারভিউ আছে। আরো বিস্তারিত তথ্যের জন্য, বাবা-মার উচিত ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের (Department of Motor Vehicles, DMV) ওয়েবসাইট DMV.ny.gov দেখা।

আপনার কিশোর সন্তান গাড়ি চালানো শুরু করার আগে,
আপনাদের দুইজনেরই কিছু জিনিস জানা উচিত।

খারাপ খবর এই যে: অভিজ্ঞতার অভাবে, কিশোরদের গাড়ি দুর্ঘটনা ঘটানোর সম্ভাবনা বেশি।

অপেক্ষাকৃত কমবয়সী চালকেরা অন্যান্য বয়সের গোষ্ঠীর তুলনায় বেশি গাড়ির দুর্ঘটনায় জড়িত থাকে। কিশোররা জড়িত থেকে এমন দুর্ঘটনাগুলি বেশি মারাত্মকও হয়। অভিজ্ঞতার অভাবের কারণে সুপারভিশন ছাড়া গাড়ি চালানোর প্রথম বছর সবথেকে বেশি বিপজ্জনক হয়।

ভালো খবর এই যে: গ্র্যাজুয়েটেড ড্রাইভার লাইসেন্সিং আইন জীবন বাঁচায়।

গাড়ির দুর্ঘটনা প্রতিরোধযোগ্য। নিউ ইয়র্ক স্টেটের গ্র্যাজুয়েটেড ড্রাইভার লাইসেন্সিং আইনটি কিশোরদের ধীরে ধীরে এবং নিরাপদভাবে নিজেদের দক্ষতা বাড়াতে দেওয়া এবং গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে দেওয়ার মাধ্যমে কিশোরদের দুর্ঘটনা প্রতিরোধের জন্য তৈরি করা হয়েছে। প্রমাণ দরকার?

NYS GDL আইন হলো 16 এবং 17 বছর বয়সী চালকদের দুর্ঘটনা 80% কমানোর কারণ। আইনের প্রতিটি বিধিনিষেধের (যেমন যাত্রীর সংখ্যা সীমিত করা, কারফিউ, ইত্যাদি) পেছনে একটি নির্দিষ্ট কারণ আছে।

গবেষণায় দেখা গেছে যে এই কৌশলগুলি কার্যকর।

আপনার কিশোর চালককে নিরাপদ রাখতে আপনি কী করতে পারেন?

যখন আপনার কিশোর গাড়ির চালকের আসনে থাকে, তখন আপনি শুধু একজন যাত্রী নন। আপনি আপনার কিশোর চালকের জন্য সবথেকে বড় প্রভাব রাখবেন। এই নির্দেশনাটি ব্যবহার করে আইনের সাথে পরিচিত হন, যাতে আপনি আপনার তরুণ চালককে রাস্তায় চলাচল করা এবং সীমাবদ্ধতা ছাড়া লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া উভয় সম্পর্কেই সাহায্য করতে পারেন!



এই নির্দেশনাটি আপস্টেট নিউ ইয়র্কে (নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড বাদে সব কাউন্টি) গাড়ি চালানো জুনিয়র পার্মিট এবং জুনিয়র লাইসেন্সধারীদের জন্য GDL সীমাবদ্ধতাগুলি বর্ণনা করে।

সীমাবদ্ধতা আপনি যেখানে গাড়ি চালাবেন সেখানে প্রযোজ্য হবে, আপনি যেখানে বাস করেন সেখানে না।

লাইসেন্স পাওয়ার পর্যায়সমূহ

আপনার কমবয়সী চালকের লাইসেন্স পাওয়ার তিনটি পর্যায় আছে:

1 জুনিয়র পার্মিট/ জুনিয়র মোটরসাইকেল পার্মিট

- সর্বনিম্ন বয়স 16।
- লিখিত পরীক্ষা পাশ করতে হবে।
- চালানোর সময় বাবা-মায়ের সুপারভিশন অবশ্যই থাকতে হবে।
- আরো তথ্যের জন্য পৃষ্ঠা 3 দেখুন।

2 জুনিয়র লাইসেন্স/ জুনিয়র মোটরসাইকেল লাইসেন্স (সীমাবদ্ধতাসহ)

- কারফিউ এবং যাত্রী সীমাবদ্ধতা সহ সুপারভিশন ছাড়া চালানোর অনুমতি।
- আরো তথ্যের জন্য পৃষ্ঠা 5 দেখুন।

3 সীমাবদ্ধতাহীন ড্রাইভার/ মোটরসাইকেল লাইসেন্স

- সর্বনিম্ন বয়স হলো 18, বা ড্রাইভার এডুকেশন থাকলে তা 17।
- এটি একটি সীমাবদ্ধতাহীন লাইসেন্স (GDL সীমাবদ্ধতা প্রযোজ্য না)।
- আরো তথ্যের জন্য পৃষ্ঠা 9 দেখুন।

লাইসেন্স পাওয়ার তিনটি পর্যায়ের সবগুলি পার করার হলে তা আপনার কিশোরকে আরো নিরাপদ চালক হয়ে উঠার জন্য প্রয়োজনীয় সময় ও অভিজ্ঞতা দেয়।

মনে রাখবেন: অন্য সবকিছুর মতো, আপনার সন্তানকে আপনি সবথেকে ভালো চিনেন। এই নির্দেশনায় বর্ণিত সীমাবদ্ধতাগুলি হলো সর্বনিম্ন নিরাপত্তার নিয়ম যা আপনার কিশোরকে মেনে চলতেই হবে। আপনি যদি মনে করেন আপনার সন্তান গাড়ি চালানোর বাড়তি দায়িত্বের জন্য প্রস্তুত না তাহলে আপনি আরো সীমাবদ্ধতা যোগ করতে পারেন।

পর্যায় 1: জুনিয়র পার্মিট

এটি একটি শেখার পর্যায়। এটি সীমাবদ্ধভাবে চালানোর মাধ্যমে কমবয়সী চালকদের একটি মোটরচালিত যানবাহন চালানোর মৌলিক বিষয় শিখতে দেয়।

একটি জুনিয়র পার্মিটের আবেদন করতে আপনার সন্তানকে অবশ্যই:

- কমপক্ষে 16 বছর বয়সের হতে হবে।
- আইডেন্টিফিকেশনের প্রমাণ (যেমন, পাসপোর্ট, সোশ্যাল সিকিউরিটি কার্ড) থাকতে হবে এবং পরীক্ষার সময় তা নিয়ে যেতে হবে।
- নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ম্যানুয়াল (New York State Driver's Manual) পড়তে হবে (ম্যানুয়ালের প্রিন্ট করা কপি স্থানীয় DMV অফিসে এবং একটি অনলাইন ভার্সন http://dmv.ny.gov/driver-license/drivers-manual-practice-tests-এ পাওয়া যাবে)।
- একটি আবেদনপত্র পূর্ণ করুন (DMV ফর্ম MV-44)।
- একটি লিখিত পরীক্ষা এবং চোখের পরীক্ষায় পাশ করুন।

একটি জুনিয়র পার্মিট পাওয়া, টেস্ট, ফর্ম, এবং ফিস সম্পর্কে আরো তথ্যের জন্য, NYS DMV ওয়েবসাইট ভিজিট করুন:

http://dmv.ny.gov/driver-license/get-learner-permit

আপনার কিশোরকে সাফল্যের পথে নিন!

আপনার কিশোর রাস্তায় চালানো শুরু করার আগে একসাতে বসুন এবং নিরাপদভাবে চালানোর আচরণ, নিয়ম, এবং তা না মানার পরিণতি সম্পর্কে একটি চালানোর চুক্তি তৈরি করুন। একটি নমুনা চুক্তির জন্য ভিজিট করুন:

www.safeny.gov/SRO-Toolkit/contract.html

এখন শুরু হবে চালানোর অনুশীলন!



একজন নিরাপদ চালক তৈরির জন্য সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় হলো অনুশীলন। আপনার কিশোর তাদের রোড টেস্ট দিতে পারার আগে তাদেরকে অবশ্যই কমপক্ষে 50 ঘণ্টার বাবা-মায়ের সার্টিফাই করা সুপারভাইজড চালানো শেষ করতে হবে, এবং এর মধ্যে 15 ঘণ্টা সূর্যাস্তের পর হতে হবে। আপনার এবং আপনার কিশোরের একসাথে গাড়ি চালানোর ঘণ্টার সংখ্যার হিসাব রাখতে একটি ড্রাইভিং প্র্যাকটিস লগ ব্যবহার করুন। আপনি এছাড়াও অনুশীলন করা দক্ষতা, কোন দক্ষতা শেখা হয়ে গেছে, এবং নতুন কী নিয়ে কাজ করতে হবে তা লিখে রাখতে পারেন। NYS টিন ড্রাইভার রিসোর্স গাইডের (NYS Teen Driver Resource Guide) পৃষ্ঠা 25-এ একটি লগ দেওয়া আছে:



http://www.nxtbook.com/nxtbooks/nysdmv/teenresourceguide/#/30

জুনিয়র পার্মিটের সীমাবদ্ধতা
আপস্টেট নিউ ইয়র্ক

অ্যাক্টিভিটি অনুমোদিত = ✓ অ্যাক্টিভিটি অনুমোদিত না = X

	দিন ভোর 5টা-রাত 9টা	রাত রাত 9টা-ভোর 5টা
যাদের জুনিয়র পার্মিট আছে তারা শুধু সুপারভিশনের অধীনে চালাতে পারবে	✓ একজন 21 বছরের বেশি বয়সের NYS লাইসেন্সধারীর সুপারভিশনের অধীনে চালাতে হবে।	✓ যে 21 বছরের বেশি বয়সের NYS লাইসেন্সধারীর সুপারভিশনের অধীনে চালানো হবে তাকে বাবা-মা, অভিভাবক, ড্রাইভার এডুকেশনের শিক্ষক/ ড্রাইভিং স্কুলের ইন্সট্রাক্টর, বা ইন লোকো প্যারেন্টিসে (in loco parentis) [নির্ধারিত ব্যক্তি হতে হবে]।

- সুপারভাইজিং চালক ছাড়া সামনের সিটে আর কেউ বসতে পারবে না।
- বাবা-মা/অভিভাবক সুপারভাইজিং চালক হলে: ব্যাক সিটের যাত্রী সংখ্যায় কোনো সীমাবদ্ধতা নেই। সুপারভাইজিং চালক যদি বাবা-মা/অভিভাবক না হয় (শুধু দিনের বেলা): 21 বছরের কম বয়সী মাত্র একজন যাত্রী অনুমোদিত, যদি না যাত্রীরা ঘনিষ্ঠ আত্মীয় হয়।
- প্রত্যেক যাত্রীকে অবশ্যই সিট বেল্ট পড়তে হবে এবং প্রত্যেক শিশু যাত্রীর জন্য অবশ্যই সঠিক চাইল্ড রিস্ট্রেইনার ব্যবহার করতে হবে। NYS অকুপেন্ট রিস্ট্রেইন আইন (NYS Occupant Restraint Law০ সম্পর্কে আরো তথ্যের জন্য www.safeny.ny.gov/sesa-ndx.ht ভিজিট করুন।
- NYC-তে চালানোর জন্য যাদের পার্মিট আছে, তাদের ব্যবহৃত যানবাহনে অবশ্যই ডুয়াল কন্ট্রোল (ডুয়াল ব্রেক) থাকতে হবে। আরো সীমাবদ্ধতার জন্য NYC GDL নির্দেশনা দেখুন। ক্রস কাউন্টি (Cross County), হাচিনসন রিভার (Hutchinson River), স মিল রিভার (Saw Mill River), বা টাকোনিক স্টেট পার্কওয়েতে (Taconic State parkways), বা NYC-এর কোনো পার্কের ভেতরের কোনো রাস্তায়, ট্রাই-বরো ব্রিজ অ্যান্ড টানেল অথোরিটির (Tri-borough Bridge and Tunnel Authority) অধীনস্থ জুরিসডিকশনের কোনো ব্রিজ বা টানেলে চালানো যাবে না।
- মোটরসাইকেল লাইসেন্সের জন্য জুনিয়র পার্মিট: সুপারভাইজিং চালকের কাছে অবশ্যই আপনার কিশোরের চালানো যানবাহনের একই ক্লাসের যানবাহন চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে, এবং তাকে অবশ্যই এক কোয়ার্টার মাইলের মধ্যে থেকেই সাধারণ সুপারভিশন এবং নিয়ন্ত্রণ অনুশীলন করতে হবে। কোনো যাত্রী বহন করা যাবে না, যদি না সেই যাত্রীর একটি বৈধ, সীমাবদ্ধতাহীন মোটরসাইকেল লাইসেন্স থাকে।

শাস্তি: জরিমানা 75 মার্কিন ডলার - 300 মার্কিন ডলার জেল: কমপক্ষে 15 দিন

ইন লোকো প্যারেন্টিস [1] =এমন একজন ব্যক্তি, যিনি নিয়মিত/দীর্ঘমেয়াদে বাবা-মায়ের ভূমিকা গ্রহণ করেছেন এবং আসল বাবা-মায়ের মৃত্যু, ডিজেবিলিটি, বা অনুপস্থিতির কারণে বাবা-মায়ের দায়িত্ব পালন করছেন।

পর্যায় 2-এ (জুনিয়র লাইসেন্স) যেতে আপনার কিশোরকে অবশ্যই:

- কমপক্ষে ছয় মাসের জন্য তাদের জুনিয়র পার্মিট ধরে রাখতে হবে।
- একটি প্রি-লাইসেন্সিং কোর্স বা ড্রাইভার এডুকেশন কোর্স (একটি "5 ঘণ্টার কোর্সও" বলা হয়) করতে হবে।
- রোড টেস্ট দেওয়ার আগে, বাবা-মায়ের সার্টিফাই করা 50 ঘণ্টা সুপারভিশনের অধীনে চালাতে হবে, যার মধ্যে 15 ঘণ্টা সূর্যাস্তের পরের সময়ে হতে হবে।

  (একটি অনুশীলনের লগ NYS টিন ড্রাইভার রিসোর্স গাইডের পৃষ্ঠা 25-এ পাওয়া যাবে যা http://www.nxtbook.com/nxtbooks/nysdmv/teenresourceguide/#/30-এ আছে)
- DMV ফর্ম MV-262 সার্টিফিকেশন অফ সুপারভাইজড ড্রাইভিং (Certification of Supervised Driving) পূরণ করা। http://dmv.ny.gov/forms/mv262.pdf
- রোড টেস্ট নেওয়ার সময় নির্ধারিত করা এবং পরীক্ষাটি দেওয়া।

পর্যায় 2: জুনিয়র লাইসেন্স

এটি ট্রেনিংয়ের পর্যায়। এটি কমবয়সী চালককে অনুশীলন করতে এবং জুনিয়র পার্মিট পর্যায়ে যা শিখেছে তার উন্নতি করতে দেয়। এই সময় থেকে বাড়তি প্রিভিলেজ শুরু হয়।

এই নির্দেশনায় বর্ণিত সীমাবদ্ধতাগুলি হলো সর্বনিম্ন নিরাপত্তার নিয়ম যা আপনার কিশোরকে মেনে চলতেই হবে। আপনি যদি মনে করেন আপনার সন্তান গাড়ি চালানোর বাড়তি দায়িত্বের জন্য প্রস্তুত না তাহলে আপনি আরো সীমাবদ্ধতা যোগ করতে পারেন।



জুনিয়র লাইসেন্সের সীমাবদ্ধতা
আপস্টেট নিউ ইয়র্ক

অ্যাক্টিভিটি অনুমোদিত = ✓ অ্যাক্টিভিটি অনুমোদিত না = X

জুনিয়র লাইসেন্সধারীরা যখন সুপারভিশন ছাড়া চালাতে পারবে:	দিন ভোর 5টা-রাত 9টা	রাত রাত 9টা-ভোর 5টা, সরাসরি বাসায় যাওয়া আসা:	
স্কুল কোর্স[2]	✓	✓	অনুমোদিত অ্যাক্টিভিটির জন্য আপনার কিশোরের কাছে অবশ্যই তাদের ইন্সট্রাক্টর বা চাকরিদাতার সাইন করা ডকুমেন্টেশন থাকতে হবে।
কাজ	✓	✓	
অন্য সকল অ্যাক্টিভিটির মধ্যে আছে স্কুলের এক্সট্রা কারকিুলাম, স্পোর্টস, এবং সোশ্যাল ইভেন্ট।	✓	X	আপনার কিশোর চাকরির সময় (ডেলিভারি ইত্যাদি) চালাতে পারবে না।
			রাতের সকল অ্যাক্টিভিটির জন্য, আপনার কিশোর একজন সুপারভাইজিং চালককে সাথে নিয়ে গাড়ি চালাতে পারবে [3]।

- সুপারভাইজিং চালক ছাড়া[3]: 21 বছরের কম বয়সী মাত্র একজন যাত্রী অনুমোদিত, যদি না যাত্রীরা ঘনিষ্ঠ আত্মীয় হয়। সুপারভাইজিং চালক থাকলে [3]: যাত্রীর সংখ্যার উপর কোনো সীমাবদ্ধতা নেই।
- প্রত্যেক যাত্রীকে অবশ্যই সঠিকভাবে সেফটি বেল্ট বা চাইল্ড সেফটি সিট দিয়ে সুরক্ষিত থাকতে হবে।
- জুনিয়র মোটরসাইকেল লাইসেন্স: মোটরসাইকেল চালানোর সময় সুপারভাইজিং চালককে শুধু শিক্ষার্থী যখন মোটরসাইকেল চালাবে তখন সাধারণ সুপারভিশন ও শিক্ষার্থীর উপর নিয়ন্ত্রণ রাখতে হবে। কোনো যাত্রী বহন করা যাবে না, যদি না সেই যাত্রীর একটি বৈধ, সীমাবদ্ধতাহীন মোটরসাইকেল লাইসেন্স থাকে।
- জুনিয়র লাইসেন্স নিয়ে যেকোনো কারণে NYC-তে চালানো নিষিদ্ধ। পাশাপাশি, NYC-এর কোনো পার্কের ভেতরের কোনো রাস্তায়,, ট্রাই-বরো ব্রিজ অ্যান্ড টানেল অথোরিটির অধীনস্থ কোনো ব্রিজ বা টানেলে, ক্রস কাউন্টি, হাচিনসন রিভার, স মিল রিভার, বা টাকোনিক স্টেট পার্কওয়েতে চালানো যাবে না।

শাস্তি: জরিমানা 75 মার্কিন ডলার - 300 মার্কিন ডলার জেল: কমপক্ষে 15 দিন

স্কুল কোর্স [2] = নির্দেশনা, শিক্ষা বা ট্রেনিং যা একটি স্টেট এজেন্সি বা ডিপার্টমেন্টের লাইসেন্স বা অনুমোদন পেয়েছে, বা U.S. আর্মড ফোর্সেসের (U.S. Armed Forces) সম্পাদনা করা ট্রেনিং। "স্কুল কোর্স" শব্দটি থেকে এক্সট্রাকারিকুলার অ্যাক্টিভিটি, স্পোর্টস বা সোশ্যাল ইভেন্ট বাদ পড়বে না যার জন্য কোনো স্কলাস্টিক ক্রেডিট দেওয়া হয় না।

সুপারভাইজিং চালক [3] = একজন 21 বছরের বেশি বয়সের NYS লাইসেন্সধারী যাকে বাবা-মা, অভিভাবক, ড্রাইভার এডুকেশনের শিক্ষক/ ড্রাইভিং স্কুলের ইন্সট্রাক্টর, বা ইন লোকো প্যারেন্টিসে নির্ধারিত ব্যক্তি হতে হবে।

সাস্পেন্সন এবং বাতিল

চালানোর সময় যেকোনো ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করা সকল চালকের জন্য বেআইনি।

শাস্তি:

সেলফোন ব্যবহার বা টেক্সটিং করে লঙ্ঘনের জন্য প্রথমবারের মতো দোষী সাব্যস্ত হওয়ার ফলাফল হলো 120 দিনের জন্য জুনিয়র পার্মিটের সাস্পেন্সন এবং 5 পয়েন্ট।


পার্মিট ফেরত দেওয়ার ছয় মাসের মধ্যে দ্বিতীয়বারের মতো দোষী সাব্যস্ত হওয়ার ফলাফল হলো কমপক্ষে এক বছরের জন্য পার্মিট বাতিল এবং 5 পয়েন্ট।

NYS "জিরো টলারেন্স আইনের (Zero Tolerance Law)" অধীনে, 21 বছরের কম বয়সের একজন চালক বৈধভাবে রক্তে .02 বা তার বেশি অ্যালকোহল জাতীয় বস্তু নিয়ে চালাতে পারবে না (মাউথওয়াশ ব্যবহার বা কাশির সিরাপ থেকে এই মাত্রা থাকতে পারে)।

শাস্তি:

6 মাসের জন্য লাইসেন্স সাস্পেন্সন, 125 মার্কিন ডলার সিভিল জরিমানা, এবং 100 মার্কিন ডলার সাস্পেন্সন টার্মিনেশনের ফি।

এর পরের প্রতিটি দোষের জন্য কম পক্ষে এক বছরের জন্য বা 21 বছর পর্যন্ত (যেটি বেশি সময়) জুনিয়র পার্মিট বাতিল করা হবে, সেই সাথে 125 মার্কিন ডলার সিভিল জরিমানা, এবং 100 মার্কিন ডলার পার্মিটের জন্য পুনরায় আবেদন করার ফি দিতে হবে।



তারা যদি নিচের লঙ্ঘনগুলির মধ্যে একাধিক করে থাকে তাহলে কী হবে?

যদি তারা জুনিয়র পার্মিট বা লাইসেন্স থাকার সময় করা দুইটি লঙ্ঘনে দোষী সাব্যস্ত হয়, তাহলে আপনার কিশোরের জুনিয়র পার্মিট বা লাইসেন্স 60 দিনের জন্য সাসপেন্ড করা হবে।

যদি তারা একটি "মারাত্মক ট্র্যাফিক লঙ্ঘনের" (সাধারণত তিন বা তার বেশি পয়েন্টের হয়ে থাকে), যেমন গতিসীমা লঙ্ঘন বা চালানোর সময় টেক্সটিং করার জন্য দোষী সাব্যস্ত হয়, তাহলেও তাদের লাইসেন্স 60 দিনের জন্য সাসপেন্ড করা হবে। সাম্পেন্সন শেষ হওয়ার পরে, যদি আপনার জুনিয়র চালক 6 মাসের মধ্যে আবার একটি মারাত্মক ট্র্যাফিক লঙ্ঘন বা দুইটি অন্যান্য লঙ্ঘনের জন্য দোষী সাব্যস্ত হয়, তাহলে তাদের জুনিয়র পার্মিট বা লাইসেন্স 60 দিনের জন্য বাতিল করা হবে।

যদি লাইসেন্স সাসপেন্ড করা হয়, তাহলে সাম্পেন্সনের সময় শেষ হলে আপনার কিশোর আবার গাড়ি চালাতে পারবে। যদি লাইসেন্স বাতিল করা হয়, তাহলে সেটি সম্পূর্ণ বাতিল হয়ে যায়, এবং আপনার কিশোরকে আবার নতুন করে শুরু করতে হবে এবং 60 দিন পর লাইসেন্সের জন্য আবেদন করতে হবে।

আপনার কিশোরের ড্রাইভিং পর্যবেক্ষণ করুন!

NYS DMV-এর TEENS প্রোগ্রামে নিবন্ধন করুন, যখন নির্দিষ্ট ঘটনা (টিকেট, ট্র্যাফিক লঙ্ঘনে দোষী সাব্যস্ত হওয়া, ড্রাইভার লাইসেন্স সাম্পেন্সন, এবং নির্দিষ্ট কিছু দুর্ঘটনা) আপনার কিশোরের চালকের রেকর্ডে যুক্ত হবে, তখন আপনি নোটিফিকেশন পাবেন।

http://dmv.ny.gov/dmv-records/monitor-my-teen-driver-teens

চাবির নিয়ন্ত্রণ আপনার হাতে।

আপনার কিশোরকে জুনিয়র পার্মিট বা লাইসেন্স দেওয়ার জন্য সম্মতি দেওয়া বাবা-মা বা অভিভাবক হিসেবে আপনি যদি মনে করেন তাদের গাড়ি চালানো উচিত না, তাহলে তাদের পার্মিট বা জুনিয়র লাইসেন্স বাতিল করার অধিকার আপনার আছে। DMV ফর্ম
MV-1W (সম্মতি প্রত্যাহার (Withdrawal of Consent)) পূরণ করে একটি DMV-তে জমা দিন।

http://dmv.ny.gov/forms/mv1w.pdf



পর্যায় 3: সীমাবদ্ধতাহীন লাইসেন্স:

যাদের জুনিয়র লাইসেন্স আছে, তাদের 18তম জন্মদিনের পর তাদেরকে ডাকযোগে একটি পূর্ণ, সীমাবদ্ধতাহীন লাইসেন্স পাঠানো হবে। একটি সীমাবদ্ধতাহীন লাইসেন্স হলো প্রাপ্তবয়স্কদের লাইসেন্সের মতো লাইসেন্স এবং এটি আপনার কিশোরকে NYS-এর যেকোনো জায়গায় কারফিউ বা যাত্রী সীমাবদ্ধতা ছাড়া গাড়ি চালানোর অনুমতি দেয়।

যেসব কিশোর ড্রাইভার এডুকেশন কোর্স শেষ করেছে:

যদি আপনার কিশোর একটি অনুমোদিত ড্রাইভার এডুকেশন কোর্স থেকে স্টুডেন্ট সার্টিফিকেট অফ কমপ্লিশন (Student Certificate of Completion) (DMV ফর্ম MV-285) পায়, তাহলে তারা 17 বছর বয়সে তাদের ফুল লাইসেন্সের জন্য আবেদন করতে পারবে। যখন আপনার 17 বছর বয়সী চালক তাদের রোড টেস্ট পাশ করবে এবং একটি DMV-তে MV-285 জমা দিবে, তখন তাদের একটি সীমাবদ্ধতাহীন লাইসেন্স প্রদান করা হবে। যদি আপনার কিশোর তাদের MV-285 ফর্ম জমা না দেয়, তাহলে তারা জুনিয়র লাইসেন্সধারী হিসেবেই বিবেচিত হবে এবং অবশ্যই GDL সীমাবদ্ধতা মেনে চলতে থাকতে হবে।

নিরাপদ চালানোর জন্য অনুশীলন প্রয়োজন

একটি সীমাবদ্ধতাহীন লাইসেন্স পাওয়া মানেই চালানো শেখার শেষ নয়। স্টিয়ারিংয়ের পেছনে দক্ষ হতে একজন ব্যক্তির কয়েক বছর সময় লাগে। কিশোররা হয়তো তাদের স্কুলের বা অন্যান্য স্কুলের এমন মানুষদের চিনতে পারে যারা দুর্ঘটনায় মারা গেছে বা গুরুতর আহত হয়েছে। তাদের ঝুঁকি এই পর্যায়েও সাধারণ মানুষের তুলনায় বেশিই থাকে। তাদেরকে নিরাপদে চালানোর আচরণ শেখা ও অনুশীলন চালিয়ে যেতে উৎসাহিত করুন।





মূল বিষয়

জুনিয়র পার্মিট

- অনুশীলন, অনুশীলন, অনুশীলন।
- শুধু একজন সুপারভাইজিং চালকের সাথেই চালাতে পারবে।
- রোড টেস্ট নেওয়ার আগে কমপক্ষে ছয় মাস অপেক্ষা করতে হবে।
- নিউ ইয়র্ক সিটিতে চালাতে হলে অবশ্যই একটি ডুয়াল ব্রেকসহ যানবাহন থাকতে হবে।
- জুনিয়র লাইসেন্স পেতে অবশ্যই রোড টেস্ট পাশ করতে হবে।
- আরো বিস্তারিতের জন্য পৃষ্ঠা 4 দেখুন।

জুনিয়র লাইসেন্স

- রাত 9টা থেকে ভোর 5টা পর্যন্ত গাড়ি চালানো নিষেধ।
- 21 বছরের কম বয়সী মাত্র একজন যাত্রী নিতে পারবে।
- গাড়ি চালানোর সময় ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবে না (সকল চালকের জন্য প্রযোজ্য)।
- NYC-তে গাড়ি চালাতে পারবে না।
- আরো বিস্তারিতের জন্য পৃষ্ঠা 6 দেখুন।

মনে রাখবেন: জুনিয়র পার্মিট এবং লাইসেন্সের সীমাবদ্ধতা আপনি যেখানে গাড়ি চালাবেন সেখানে প্রযোজ্য হবে, আপনি যেখানে বাস করেন সেখানে না।





এই প্রকাশনা সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে বা কপি অর্ডার করতে চাইলে, যোগাযোগ করুন:

Department of Health

(নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ)

Bureau of Occupational Health and Injury Prevention

(ব্যুরো অফ অকুপেশনাল হেলথ অ্যান্ড ইনজুরি প্রিভেনশন)

ফোন: (518) 402-7900

ইমেইল: injury@health.ny.gov

গ্রাজুয়েটেড ড্রাইভার লাইসেন্সিং আইন সম্পর্কে আরো তথ্যের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের ওয়েবসাইট দেখুন:

www.dmv.ny.gov/youngerdriver

NYS গভর্নরস ট্র্যাফিক সেফটি কমিটির (NYS Governor's Traffic Safety Committee) থেকে পাওয়া একটি অনুদান দিয়ে ন্যাশনাল হাইওয়ে ট্র্যাফিক সেফটি অ্যাডমিনস্ট্রেশন (National Highway Traffic Safety Administration) এর জন্য তহবিল দেয়।

NEW YORK STATE | Department of Health

8228 (Bengali)

5/19